

# মেহেন্দিগঞ্জ পৌরসভা কার্যালয়

জেলা : বরিশাল।



স্মারক নং মেহেন্দিগঞ্জ / পৌর / প্রশাসন / ২০২২ / ২২৪

তারিখ : ০৮.১১.২০২২ খ্রিঃ


## " অফিস আদেশ "

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা প্রজ্ঞাপন তারিখ, ৫ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ / ১৯ জুন ২০১২ খ্রিষ্টাব্দ এস, আর, ও নং ২০৬ - আইন / ২০১২ এ ওয়ার্ড কমিটি গঠন ও কার্য পরিধি বিধিমালায় বিধি ৩ ( তিন) এর আলোকে অত্র পৌরসভার পৌর পরিষদের সভা নং ১৭ ( সতেরো) এর সূচী ০২ (দুই) এর অনুমোদনক্রমে মেহেন্দিগঞ্জ পৌরসভা ০১ নং ওয়ার্ড কমিটি গঠন করা হইল।

ক্র/নং	সদস্যদের নাম ও ঠিকানা	পদবী
০১.	জনাব আব্দুল মোতালেব জাহাঙ্গীর, সাধারণ আসনে কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সভাপতি
০২.	জনাবা মিতা রানী দাস, সংরক্ষিত আসনে কাউন্সিলর, ১,২,৩নং ওয়ার্ড, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সহ-সভাপতি
০৩.	জনাব বাবু মিয়া, চরহোগলা, চরহোগলা, নগর দারিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি ০১ জন পুরুষ	সদস্য
০৪.	জনাব শফিউল আজম, চরহোগলা, নগর দারিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি ০১ জন পুরুষ	সদস্য
০৫.	জনাবা সিমম পলি কবির, চরহোগলা, নগর দারিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি ০১ জন মহিলা	সদস্য
০৬.	জনাব এ.কে.এস শামসুদ্দিন নাছির মিয়া, চরহোগলা, নাগরিক সমাজের প্রতিনিধি ০১ জন পুরুষ	সদস্য
০৭.	জনাবা রাশিদা সুলতানা, চরহোগলা, নাগরিক সমাজের প্রতিনিধি ০১ জন মহিলা	সদস্য
০৮.	জনাব সাইফুল ইসলাম, চরহোগলা, পেশাজীবী সংগঠনের প্রতিনিধি ০১ জন পুরুষ	সদস্য
০৯.	জনাবা জেবা খান, চরহোগলা, পেশাজীবী সংগঠনের প্রতিনিধি ০১ জন মহিলা	সদস্য
১০.	জনাব সুকলাল বিশ্বাস, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।	সদস্য -সচিব

### সরকার কর্তৃক নির্ধারিত ওয়ার্ড কমিটির কার্যপরিধি নিম্নরূপ :-

০১. ওয়ার্ডের চলমান বাস্তবায়িতব্য উন্নয়ন মূলক কাজের অগ্রগতি, গনগত মান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সহিত আলোচনা করা।
০২. ধারা ১১৫ এর অধীন গঠিত কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা।
০৩. জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা।
০৪. জন্ম মৃত্যু নিবন্ধন সহ অত্যাবশ্যকীয় আর্থ সামাজিক উপাত্ত সংগ্রহ।
০৫. রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যানমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান।
০৬. পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষন, বৃক্ষ রোপন বিষয়ে গনসচেতনতা সৃষ্টি করা।
০৭. ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।
০৮. সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীভূক্ত ( যেমন ডিজিডি, ডিজিএফ, বয়স্ক ভাতা, ভর্তুকি ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরী করে পৌরসভায় প্রেরণ করা।
০৯. জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছা শ্রমের ভিত্তিতে সহায়তা করা।
১০. মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহন করা।
১১. পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গন্যমান্য ব্যক্তিকে আমন্ত্রন জানাইয়া ওয়ার্ডের সার্বিক কর্মকর্তা সম্পর্কে উন্মুক্ত আলোচনা করিয়া জনগণের মতামত বাস্তবায়নের জন্য উহা পরিষদে প্রেরণ করা।
১২. সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব পালন।

  
(কামাল উদ্দিন খান)  
মেয়র

ই-মেইল [mehendiganipourasava@lgd.gov.bd](mailto:mehendiganipourasava@lgd.gov.bd)



স্মারক নং মেহেন্দিগঞ্জ / পৌর / প্রশাসন / ২০২২ / ২৩২/১(১৫)

তারিখ : ০৮.১১.২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইল।

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. পরিচালক, স্থানীয় সরকার শাখা, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, জেলা বরিশাল।
০৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা বরিশাল।
০৬. পৌর নির্বাহী কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।
০৭. উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) মেহেন্দিগঞ্জ পৌরসভা, জেলাঃ বরিশাল।
০৮. -১৪ জনাব/জনাব  
সভাপতি, সহ-সভাপতি, ও সদস্য, সদস্য/সদস্য-সচিব, মেহেন্দিগঞ্জ পৌরসভা ০৯ নং ওয়ার্ড কমিটি,  
মেহেন্দিগঞ্জ, জেলাঃ বরিশাল।
১৫. অফিস কপি।

  
( কামাল উদ্দিন খান)  
মেয়র

ই-মেইল [mehendiganipourasava@lgd.gov.bd](mailto:mehendiganipourasava@lgd.gov.bd)

  
০৭/১১/২২